সংবাদ বিজ্ঞপ্তি

**দুর্জয় তারুণ্য দুর্নীতি রুখবেই**
**যুক্তিতর্কের মাধ্যমে আলোকিত মানুষ হয়ে দুর্নীতিমুক্ত দেশ গঠনের অঙ্গীকার**

**ঢাকা, সোমবার, ২৯ মার্চ ২০১০:** দুর্নীতিবিরোধী ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় আজ সমাপনী দিনে যুক্তি ও তর্কের মাধ্যমে আলোকিত মানুষ হয়ে দুর্নীতিমুক্ত দেশ গঠনের দীপ্ত অঙ্গীকার ব্যক্ত করে তরুণ সমাজ। ২৮ মার্চ থেকে ঢাকায় ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ও বাংলাদেশ ডিবেট ফেডারেশন (বিডিএফ) এর যৌথ উদ্যোগে শুরু হয়েছে দুর্নীতিবিরোধী বিতর্ক প্রশিক্ষণ ও প্রতিযোগিতা। রাজধানীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজে অনুষ্ঠিত জাতীয় পর্যায়ের মাধ্যমিক স্কুলভিত্তিক শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত দু'দিনব্যাপি এ বিতর্ক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টিআইবি'র ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম. হাফিজউদ্দিন খান।

সমাপনী বক্তব্যে এম. হাফিজউদ্দিন খান বলেন, আমাদের তরুণ সমাজ যুক্তির মাধ্যমে দুর্নীতি দূর করার কাজে লিপ্ত হবে এবং দেশ গঠনে এগিয়ে নিয়ে যাবে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বাংলাদেশ ডিবেট ফেডারেশন এর সভাপতি ডা. আব্দুন নূর তুষার, উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ এর প্রিন্সিপ্যাল লে. ক. মইনুল ইসলাম চৌধুরী, টিআইবি'র আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগের পরিচালক এস. এম. রিজওয়ান-উল-আলম।

'দুর্নীতি ও সুশাসন' বিষয় নিয়ে এ প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় ঢাকাসহ সারাদেশের ৩৬টি স্কুলের ২৭০ জন শিক্ষার্থী নিবন্ধিত হয়। দু'দিনের এই বিতর্ক প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় ৮ম থেকে ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের মধ্যে ২০ জন শ্রেষ্ঠ বিতার্কিকে নির্বাচিত করা হয় চূড়ান্ত অধিবেশনের জন্য। দুর্নীতিবিরোধী ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত হয়েছে সেন্ট গ্রেগরি স্কুল এন্ড কলেজের শিক্ষার্থী সৌভিক কুন্ড।

দুর্নীতিবিরোধী ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় বিতার্কিকরা যুক্তি ও তর্কের মাধ্যমে আলোকিত মানুষ হয়ে দুর্নীতি মুক্ত দেশ গঠনের দীপ্ত অঙ্গীকার ব্যক্ত করেছে। বিতার্কিকরা তাদের যুক্তির মাধ্যমে তুলে ধরে একমাত্র সৎ ও যোগ্য নেতৃত্বই পারে দেশকে দুর্নীতি মুক্ত করতে। দুর্নীতি যোগ্য নেতৃত্বকে বাধাগ্রস্ত করছে। দুর্নীতির অন্যতম কারণ রাজনীতিবিদদের সদিচ্ছার অভাব। দুর্নীতির কারণে দেশ আরও দরিদ্র হচ্ছে। মানুষের মৌলিক অধিকারগুলো পূরণ হলেই কেবলমাত্র দেশ থেকে দুর্নীতি দূর করা সম্ভব হবে।

দুর্নীতিবিরোধী ছায়া সংসদ বিতর্ক প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় ভেন্যু পার্টনার হিসেবে উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ এবং মিডিয়া সহযোগী হিসেবে দ্য ডেইলি স্টার, প্রথম আলো এবং বৈশাখী মিডিয়া অংশগ্রহণ করে ।

**গণমাধ্যম যোগাযোগ**
এস. এম. রিজওয়ান-উল-আলম
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২